সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই ফাল্গুন বুধবার, ১৩৭২ ইং 2nd Mar. 1966 { ৪০শ সংখ্যা



"সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seaur

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62194.67.87

**খাস জনতা**
কেরোসিন কুকার

উদ্ভাবে ভাবনা ও [logo] নিপুণতা আমাদের।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
**সুলভ ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৮ই ফাল্গুন বুধবার সন ১৩৭২ সাল।

## গঙ্গা

মহাকবি হেমচন্দ্রের লিখিত অপরূপ গঙ্গাস্তুতি :—

কোথায় চলেছ তুমি গঙ্গে ?
শাল পিয়াল তাল তমাল তরুর সাল,
ব্রততী বল্লরী জটা স্থলোল ঝালর ঘটা,
ছায়া করি সুশীতল ঢেকেছে তোমার জল
চলেছে অচল রাজি ধরণীর অঙ্গে,
কোথায় চলেছ তুমি গঙ্গে ?
ফুল দাম ফুল হার, দীপ রাজ হৃদি' পর,
আকাশ অলক মালা হৃদয় মুকুরে ঢালা
অরুণ কিরণ ভাতি শশধর জ্যোৎস্না পাঁতি
বায়ু গন্ধ পরিমল পানিবক, মীন দল,
শঙ্খ, শুক্তি কোলে করি কোথা যাও রঙ্গে
কোথায় চলেছ তুমি বেগবতী গঙ্গে ?
পর হিত ব্রত করি দ্রব হ'লে দেহ হরি,
বারিরূপে, সুমঙ্গলে ! শিখাইলে ধরাতলে—
শিখাইলে প্রতিফল— ত্যাগ শিক্ষা পুণ্যফল,
দয়া করুণার রেখা তোমার শরীরে লেখা,
পরিহিত চিন্তা ব্রত, তরঙ্গিনী তোমাগত,
তাই পুণ্যময় ধারা হে গঙ্গে ! পাতক-হারা
পতিত পাবনী তোমা সবে বলে রঙ্গে !
কোথায় চলেছ তুমি হেন রূপে গঙ্গে ?
উদ্ধার বঙ্গেরে মাতা শিখাইয়া এই কথা,
ত্যজে স্বার্থ আরাধনা সাধুক নিজ সাধনা
ত্যজে ফুল তিল ফল তুলুক তোমার জল
চলুক তোমারি গতি স্রোতস্বতী বেগবতী
বঙ্গের চিন্তার ধারা ঘুচুক চিত্তের কারা
উদ্ধার—উদ্ধার, ওগো ! জীব দিয়া বঙ্গে !
কোথায় চলেছ, তুমি হে পাবনী গঙ্গে ?

## সাগরদীঘি বি-ডি-ও অফিসে জনসাধারণ নাজেহাল

গত পৌষ মাস হইতে সাগরদীঘি থানার এলাকাধীন জমির পুরুষ ও মহিলা মালিকগণ ধানের পারমিট সংগ্রহ করার জন্য কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছেন। অন্যান্য স্থানের অধিবাসিগণ ১০/১৫ মাইল দূর হইতে, কেহ কেহ জঙ্গিপুর, জিয়াগঞ্জ-আজিমগঞ্জ, বহরমপুর প্রভৃতি স্থান হইতে ১০/১২ দফা ঘোরাঘুরি করিয়াও কোনও সুরাহা করিতে পারিতেছেন না। তিন মাস পূর্ব্বে দরখাস্ত করিয়া তদ্বির করিতে গিয়া দরখাস্ত পাওয়া যাইতেছে না। শুনিয়া হতাশ হইয়া পুনরায় দরখাস্ত দিতে বাধ্য হইতেছেন। লেভির ধান দিয়াও পারমিট পাওয়া যাইতেছে না। দরখাস্তের সঙ্গে লেভির রসিদ দাখিল করিলে রসিদ হারাইয়া যাওয়ার ঘটনাও বিরল নহে। চট্টরাজ মহাশয়ের অট্টহাস্যে ও বাগ মহাশয়ের রাগে পড়িয়া লোকের লাঞ্ছনার সীমা নাই। একেই বলে 'পীর চেয়ে খাদেম জিন্দা'।

উপরোক্ত বিষয়ে আমরা মুর্শিদাবাদের মাননীয় জেলা-শাসক মহোদয়ের কৃপা-দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## দুই মাইল দৌড় প্রতিযোগিতা

গত ২৭শে ফেব্রুয়ারী রবিবার সকাল ৭ ঘটিকায় জঙ্গিপুর ফৌজদারী কাছারী হইতে ফুলতলা মোড় ঘুরিয়া ফৌজদারী কাছারী পর্য্যন্ত দুই মাইল দৌড় প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে। প্রথম হইতে দশম স্থান অধিকারী প্রতিযোগিগণকে পুরস্কার দেওয়া হইয়াছে।

(১) সর্ব্বশ্রী বিপদভঞ্জন ঘোষ—বহরমপুর ভ্রাতৃসঙ্ঘ, (২) মুকুল ঘোষ—বহরমপুর ভ্রাতৃসঙ্ঘ, (৩) দেবব্রত সেন—বন্ধু সমিতি, রঘুনাথগঞ্জ, (৪) রবীন্দ্রনা চ্যাটার্জ্জী—রঘুনাথগঞ্জ স্কুল, (৫) পঞ্চানন মণ্ডল—নাজিরপুর, রঘুনাথগঞ্জ, (৬) অম্বিকা মণ্ডল—নাজিরপুর, রঘুনাথগঞ্জ, (৭) সাইফুর আলি—মালদহ (৮) মোফজ্জল হক—রঘুনাথগঞ্জ স্কুল, (৯) লক্ষ্মণ মণ্ডল—নাজিরপুর, রঘুনাথগঞ্জ, (১০) মনসুর আল মালদহ।

রঘুনাথগঞ্জের শ্রীমান্ বিজনকুমার সেনের ঐকান্তিক চেষ্টায় এই দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে।

## জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্রের মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ।

৪নং ফরম ( রুল ৮ দ্রষ্টব্য )

১। যে স্থান হইতে প্রকাশিত হয়—"জঙ্গিপুর সংবাদ" কার্য্যালয়, পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

২। প্রকাশের সময়-ব্যবধান—সাপ্তাহিক

৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের
নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত
জাতি—ভারতীয় নাগরিক
বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

৬। এই সংবাদ-পত্রের স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—
স্বত্বাধিকারী—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত,
পণ্ডিত প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

আমি, শ্রীবিনয়কুমার পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখ স্বাঃ—শ্রীবিনয়কুমার পণ্ডিত,
রঘুনাথগঞ্জ, প্রকাশক।
২রা মার্চ্চ, ১৯৬৬

## আসামীর ঔদ্ধত্য

গত ২৪শে ফেব্রুয়ারী বৃহস্পতিবার জঙ্গিপুর ফৌজদারী আদালতের প্রথম শ্রেণীর বিচারকের এজলাসে ট্রাক চুরির অভিযোগে অভিযুক্ত সুচা সিং নামক এক ব্যক্তির বিচারের দিন ধার্য্য ছিল। বিচারক আসামীর জামিনের আবেদন মঞ্জুর না করিয়া তাহাকে ১৫ই মার্চ্চ পর্য্যন্ত হাজতবাসের হুকুম দেওয়ায় আসামী ক্রোধান্ধ হইয়া বিচারাসন লক্ষ্য করিয়া পাদুকা নিক্ষেপ করে। আদালত অবমাননার জন্য আসামীকে দুই শত টাকা অর্থদণ্ড অনাদায়ে এক মাস কারাদণ্ডে দণ্ডিত করা হয়।

## খসড়া-নির্ব্বাচক-তালিকা প্রকাশ

৪৯-সাগরদীঘি ও ৪৭-সুতী বিধান সভা নির্ব্বাচন ক্ষেত্রের নির্ব্বাচক তালিকা নির্ব্বাচক-নিবন্ধন নিয়মাবলী ১৯৬০ অনুসারে প্রস্তুত করা হইয়াছে এবং উহার প্রতিলিপি নির্ব্বাচনিক-নিবন্ধন-আধিকারিকের অফিসে, সাগরদীঘি বি-ডি-ও অফিসে, সুতী—২ বি-ডি-ও, অরঙ্গাবাদ অফিসে, সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়ত অফিসে, ইউনিয়ন বোর্ড অফিসে ও গ্রাম পঞ্চায়ত অফিসে, অফিস খোলা থাকিবার সময় পরিদর্শনের জন্য পাওয়া যাইবে।

যদি তালিকায় কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন দাবি বা কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন আপত্তি বা কোন লিখনের অন্তর্গত বিশেষ বিবরণ সম্বন্ধে কোন আপত্তি থাকে তবে তাহা নির্ব্বাচনিক-নিবন্ধন-আধিকারিকের অথবা সংশ্লিষ্ট বি-ডি-ও এর নিকট ১৯৬৬ সালের ১লা এপ্রিল তারিখে বা তৎপূর্ব্বে উপযোগিতা বিবেচনায় ৬, ৭ বা ৮ নিদর্শনানুযায়ী জানাইতে হইবে, কিংবা যেন পূর্ব্বোক্ত তারিখের মধ্যেই জঙ্গিপুরের মহকুমা-শাসক মহোদয়ের অফিসে নির্ব্বাচনিক-নিবন্ধন-আধিকারিকের নিকট পৌছায় এইভাবে নিবন্ধীকৃত ডাকযোগে নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

ঠিকানা :—( সাগরদীঘি বিধান সভার জন্য )
নির্ব্বাচনিক-নিবন্ধন আধিকারিক
৪৯-সাগরদীঘি বিধান সভা ও
মহকুমা-শাসক জঙ্গিপুর
পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ
( সুতী বিধান সভার জন্য )
নির্ব্বাচনিক-নিবন্ধন-আধিকারিক
৪৭-সুতী বিধান সভা ও
মহকুমা-শাসক জঙ্গিপুর
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

---

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে**
**মুক্তহস্তে দান করুন**

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে জানান যাইতেছে যে আগামী ১৯৬৬-৬৭ সালের জন্য মুর্শিদাবাদ জেলার তাড়ির দোকানসমূহ প্রকাশ্য নিলাম ডাকে বন্দোবস্ত দেওয়া হইবে। বহরমপুরস্থিত মুর্শিদাবাদ জেলা আবগারী অফিসে আগামী ইংরাজী ১৪ই মার্চ্চ, ১৯৬৬ তারিখে বেলা ১টার সময় উক্ত নিলাম অনুষ্ঠিত হইবে।

নিলাম ডাকে দোকানসমূহ বন্দোবস্ত লইতে ইচ্ছুক ব্যক্তিগণ উক্ত দিন উক্ত সময়ে এবং উক্ত স্থানে হাজির হইয়া নিলাম ডাকে যোগদান করিতে পারেন।

বিস্তারিত বিবরণ নিকটস্থ আবগারী অফিসে জানা যাইবে।

প্রকাশ থাকে যে নিম্নস্বাক্ষরকারী সর্ব্বোচ্চ ডাক গ্রহণে বাধ্য থাকিবেন না।

স্বাঃ/- উ. মাহাত
১-৩-৬৬ অন্তশুল্কাধ্যক্ষ, মুর্শিদাবাদ।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে মার্চ্চ, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

২০ অন্য ডিঃ ভবেশ মণ্ডল দিং দেং বিজয়কুমার মণ্ডল নাবালক পক্ষে অলিমাতা শান্তি মণ্ডলানী দাবি ১৩৫.১৪ পয়সা থানা ফরাক্কা মৌজে সুদনা ৩৩ শতকের কাত ১/০ আঃ ১০০৲ খং ৭৯

---

## 'শতাব্দীর স্বপ্ন' অভিনয়

গত ২৭শে ফেব্রুয়ারী রবিবার সন্ধ্যা ৭-৩০ ঘটিকায় মুর্শিদাবাদ জেলা সমাজ-শিক্ষাধিকারিকের প্রযোজনায়, দেশবন্ধু-যতীনদাস পাঠাগারের উদ্যোগে ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায় মহাশয়ের পরিচালনায় 'শতাব্দীর স্বপ্ন' নাটকখানি রঘুনাথগঞ্জে পৌর-ভবনের নিকটস্থ ফাঁকা জায়গায় অভিনীত হইয়াছে। অভিনয় মোটামুটি ভালই হইয়াছে।

---

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহণ প্রাধিকার, বহরমপুর, মুর্শিদাবাদ, বিজ্ঞাপিত করিতেছেন যে, মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের ২৩-১১-৬৫ তারিখের সভায় ফরাক্কা পর্য্যন্ত রাধারঘাট—ধুলিয়ান রুটের সম্প্রসারণ উক্ত রুটের অপারেটর শ্রীকমলকুমার সাহা ও অন্যান্য-এর অনুকূলে মঞ্জুর করা স্থিরীকৃত হইয়াছে। ১৯৩৯ সালের মোটর যান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জি-সমূহ উপরোক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৬ সালের ১৫ই মার্চ্চ বেলা ৫টা পর্য্যন্ত গৃহীত হইবে। আর্জিসমূহ ( যদি পাওয়া যায় ) বিবেচনার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বিজ্ঞাপিত হইবে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদাল[ত]

নিলামের দিন ২১শে মার্চ্চ, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

৩৪ মনি ডিঃ মোহনলাল সেরাওগী দেং ব্রজবা[...]
মণ্ডলানী দাবি ১৫৩.০১ পয়সা থানা রঘুনা[...]
মৌজে রাণীনগর দ্বীপচর ৬২ শতকের কাত [...]
তন্মধ্যে দেন্দারের অর্দ্ধাংশ আঃ ৩০৲ খং ১১৪ র[...]
স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ৩০ শতকে[র]
কাত ১৫/০ তন্মধ্যে দেন্দারের অর্দ্ধাংশ আঃ ১[...]
খং ১১৫ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৯ শতকে[র]
কাত ।৵০ তন্মধ্যে দেন্দারের অর্দ্ধাংশ আঃ [...]
খং ১১৬ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ৬৫ [...]
কাত ৫.৵৬ তন্মধ্যে দেন্দারের অর্দ্ধাংশ আঃ [...]
খং ১৫৬ ঐ স্বত্ব

১৯৬৩ সালের ডিক্রীজারী

৩৫ মনি ডিঃ চাম্পালাল সেরাওগী দেং [...]
মণ্ডল দিং দাবি ১১০.২৬ থানা রঘুনাথগঞ্জ [...]
দিয়াড় রাণীনগর ১২ শতকের কাত ১.৮৭ [...]
আঃ ১০৲ খং ২৯৬ রায়ত স্থিতিবান স্বত্ব ২[...]
মৌজাদি ঐ ৭২ শতকের কাত ১।৯ [...]
খং ১৫৮ ঐ স্বত্ব



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২


---


শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


---


...থগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৮৬


---


## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়


---


## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত


---


হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য .০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)